

সৈয়দপুরে নোটিস ছাড়াই ৫৪টি আনন্দ স্কুল বন্ধ

■ সৈয়দপুর (নীলফামারী) নবোদ্যোতনীলফামারীর সৈয়দপুরে (রিডিং আউট অব চিসডেন (স্কুল) প্রকল্পে কর্তৃক পরিচালিত ৫৪টি আনন্দ স্কুল) বিনা নোটিসে বন্ধ ঘোষণা করা হয়েছে।

অপরদিকে প্রায় এক বছর ধরে স্কুলঘর ভাড়া, শিক্ষক বেতন ও শিক্ষার্থীদের উপস্থিতিও পরিশোধ করা হয়নি।

অুরে পড়া শিক্ষার্থীদের শিক্ষা দিতে ২০১০ সালে স্কুল প্রকল্পের আওতায় সৈয়দপুর উপজেলায় ২১৩টি আনন্দ স্কুল চালু করা হয়। শুরু থেকে স্কুলগুলো সুন্দরভাবে পরিচালিত হয়ে আসলেও পরবর্তীতে চমতে থাকে কয়েক গড়িতে। এদিকে কোন কারণ ছাড়াই হঠাৎ করে গত ডিসেম্বর মাসে সৈয়দপুর পৌর এলাকায় ১১টি, কানারপুকুর ইউনিয়নে ১১টি, কাশিরাব বেসপুকুর ইউনিয়নে ২৪টি, বোতলাপাড়ি ইউনিয়নে ৪টি এবং বাঙ্গালিপুর ইউনিয়নের ৪টি স্কুল বন্ধ ঘোষণা করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। অর্থাৎ এসব স্কুলের শিক্ষার্থীরা ডিসেম্বরে বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

সৈয়দপুর পৌরসভা এলাকার নতুন বাবুপাড়া আনন্দ স্কুলের শিক্ষিকা শিপ্রীণ আক্তার জানান, স্থানীয় প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বিনা নোটিসেই হঠাৎ করে ৫৪টি স্কুল বন্ধ ঘোষণা করেন। দীর্ঘ একবছর ধরে এসব স্কুলের ঘরভাড়া, শিক্ষক বেতন ও শিক্ষার্থীদের উপস্থিতিও পরিশোধ করা হয়নি।

এ প্রসঙ্গে সৈয়দপুর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সৈয়দ ফিরোজ ইফতেখার বলেন, কিছু সমস্যার কারণে স্কুলগুলো বন্ধ করা হয়েছে। তবে তাদের বকেয়া পাওনা পরিশোধ করা হবে।